

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
(শিল্প মন্ত্রণালয়)
শিল্প ভবন এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
www.boiler.gov.bd

নম্বর: ৩৬.১১.০০০০.০০১.১৬.০৫৫.১৬.৮৮৭৭

তারিখ: ০৭/০৩/২০১৭খ্রি.

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ বিজ্ঞপ্তি

প্রথম শ্রেণীর বয়লার পরিচারক যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীদেরকে জানানো যাচ্ছে যে, পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় হতে ফরম বিতরণ এবং গ্রহণ করা হবে:

কার্যক্রম	তারিখ	সময়
ফরম বিতরণ	০৮/০৩/২০১৭খ্রি. হইতে ২৮/০৩/২০১৭খ্রি. পর্যন্ত	অফিস চলাকালীন সময়
ফরম গ্রহণ	০৯/০৩/২০১৭খ্রি. হইতে ২৯/০৩/২০১৭খ্রি. পর্যন্ত	অফিস চলাকালীন সময়

প্রথম শ্রেণীর প্রার্থীর জন্য আবেদনের শর্তাবলী:

- প্রার্থীর বয়স ০৮/০৩/২০১৭ ইং তারিখে ন্যূনতম ২৩ (তেইশ) বছর হতে হবে।
- দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক যোগ্যতার সনদপত্রসহ অনূন্য ৫০০ বর্গফুট হিটিং সারফেস এর বয়লারে নূন্যতম ২(দুই) বছরের বয়লার পরিচারক হিসেবে চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, যন্ত্র প্রকৌশলে ডিপ্লোমা বা বিজ্ঞানে স্নাতক ডিগ্রী বা সমমানের ডিপ্লোমাসহ ৫০০ বর্গফুট হিটিং সারফেস এর বয়লারে নূন্যতম ২(দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

জ্ঞাতব্য: প্রার্থীকে ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।

- বয়লারের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক মার্চ ১৭ইং মাসে ইস্যুকৃত অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি।
- দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক যোগ্যতা সনদপত্রের ফটোকপি/ শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- বয়স প্রমাণের জন্য এসএসসি পাশের সনদপত্র (যদি থাকে)/ জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- প্রার্থীর নাগরিকত্ব ও চরিত্রগত সনদপত্রের ফটোকপি।
- প্রার্থীর সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি ছবি।
- ৮০০/- (পাঁচশত) টাকা ব্যাংকে জমাকৃত চালানের মূল কপি। (চালানের কোড নং- ১-৩৯৩১-০০০০-২০৩১)।

(মোঃ শরাফত আলী)

বয়লার পরিদর্শক

ও

সদস্য সচিব

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ

বিশেষ দৃষ্টব্য :

- প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েব সাইট হতে আবেদন ফরম ডাউনলোড করেও আবেদন করা যাবে।
- ভুল তথ্য সম্বলিত অথবা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- আবেদন পত্রের তৃতীয় অংশে একজন গেজেটেড কর্মকর্তা/অনারারী ম্যাজিস্ট্রেটের সম্মুখে আবেদনকারীকে স্ব-হস্তে স্বাক্ষর করতে হবে যা উক্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে।
- আবেদন পত্রের চতুর্থ অংশে প্রতিপাদনকারীর অনুস্বাক্ষর অংশে প্রার্থী যার নিকট থেকে অভিজ্ঞতা সনদ গ্রহণ করবেন তার অনুস্বাক্ষর নিতে হবে।
- প্রার্থীদের প্রথমে বয়লার বিষয়ক ব্যবহারিক তথ্যের উপর লিখিত এবং পরে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- লিখিত পরীক্ষার যোগ্য, অযোগ্য প্রার্থীদের তালিকা এবং পরীক্ষার স্থান ও তারিখ অত্র দপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করা হবে।